



## RAGGING : A CRIMINAL OFFENCE


Victims/witnesses of incidents of ragging must lodge complaint in any of the following numbers and e mail ids.

**THE SUPREME COURT OF INDIA DIRECTS INSTITUTIONS TO EXPEL STUDENTS FOUND GUILTY OF RAGGING.**

Complaint on Ragging to be lodged :-  
At University Authority  
E-mail : [antiragging@admin.jdvu.ac.in](mailto:antiragging@admin.jdvu.ac.in), Phone : 833 500 5576  
Concerned Anti-Ragging squad members

At UGC Authority  
E-mail : [www.antiragging.in](http://www.antiragging.in), Phone : 1800 180 5522

**Anti-Ragging Committee, Jadavpur University**



## যাদবপুরে র্যাগিং ঠেকাতে রাখি

আজকালের প্রতিবেদন: র্যাগিং ঠেকাতে রাখি। যাদবপুর বিশ্ববিদ্যালয়ে সৃজনশীল উপায়ে পড়ুয়াদের র্যাগিংয়ের বিরুদ্ধে সচেতন করা হয়। এবার র্যাগিং বিরোধী প্রচারে রাখিকে বেছে নেওয়া হয়েছে। খিমের নাম দেওয়া হয়েছে 'বন্ধন'। রক্ষা, সুরক্ষা দেওয়ার বন্ধন। একগুচ্ছ ছবির সাহায্যে র্যাগিং বিরোধী বার্তা দেওয়া হয়েছে। যার কোনওটি মুক্তির কথা বলতে চাইছে, আবার কোনও ছবি জীবনের জয়গান গাইছে। কোনও ছবিতে স্বপ্নে বিভোর হওয়ার গল্প কোথাও বা আশা, লড়াইয়ের কথা। সব

মিলিয়ে মানবজীবনের আশাআকাঙ্ক্ষার গাঁথা বেন। সিনেমার তথ্যচিত্র নির্মাতা পরাগ সরকারের ভাবনা এভাবেই ডানা মেলেছে বিশ্ববিদ্যালয়ের অন্দরে। যা বলছে র্যাগিং করে বন্ধুত্বের বন্ধন না ভেঙে, রাখি বেঁধে সম্পর্কের বুনিন্যাদ আরও একটু মজবুত করা। পরাগ সরকার এর আগেও যাদবপুর বিশ্ববিদ্যালয়ে বেশ কয়েকবার র্যাগিং বিরোধী প্রচারের দায়িত্ব সামলেছেন। পারম্পরিক বন্ধন আরও দৃঢ় করতে যাদবপুরের পড়ুয়ারা নবাগতদের রাখি পরিয়ে স্বাগত জানানোর আয়োজন করছেন।